

এলপি গ্যাস লিমিটেড  
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি অঙ্গ প্রতিষ্ঠান)  
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

সূত্র নং-২৮.২৭.০০০০.০১৫.১৪.০০১.১৮

তারিখ : ২০/০৮/২০১৯

বিষয় : “উত্তাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” সংক্রান্ত সভার কার্যবিবরণী

এলপি গ্যাস লিমিটেডের “বার্ষিক উত্তাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” সংক্রান্ত কমিটির সভা প্রতিষ্ঠানের সহকারী মহাব্যবস্থাপক (ইঞ্জিঃ) এর সভাপতিত্বে ১৯/০৮/২০১৯ তারিখ দুপুর ০২.০০ ঘটিকায় এজিএম এর কক্ষে অনুষ্ঠিত হয়।


২.০ আলোচনা :

সভার প্রারম্ভে সভাপতি ইনোভেশন কমিটির সদস্যবৃন্দকে সুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন এবং প্ল্যান্টের সার্বিক বিষয়ের খোজ খবর নেন। পরবর্তীতে প্ল্যান্টের ইনোভেশন কমিটির সদস্যবৃন্দের নিকট উত্তাবন কর্মপরিকল্পনা সম্পর্কিত মতামত জানতে চান। এমতাবস্থায় কমিটির সদস্যবৃন্দ প্রচলিত জাতীয় পরিচয় পত্রের বিপরীতে সরকার নির্ধারিত মূল্যে প্রত্যেক নাগরিককে প্রতি মাসে সর্বোচ্চ ২ (দুই) সিলিন্ডার বিতরণ ব্যবস্থা সহজিকরন, নাগরিকের কাছে কোম্পানির সেবা সহজে উপস্থাপনের জন্য বস্তুনিষ্ঠ ডিজিটাল ডিসপেন্স সিস্টেমের প্রবর্তন, আধুনিক Cap Sealing ব্যবস্থা প্রবর্তন ইত্যাদি বিষয়ে উত্তাবন কমিটির সদস্যবৃন্দ মত প্রকাশ করেন। প্রেক্ষিতে, ইনোভেশন কমিটি বাস্তবায়িত বিষয়সমূহ মডিফিকেশনের মাধ্যমে আরো যুগোপযোগি করার বিষয়ে কোম্পানির প্রতিনিধিগনকে অনুরোধ করেন এবং উত্তাবন সংক্রান্ত বিষয়ে অধিক সভা আয়োজনের মাধ্যমে উত্তাবনী কার্যক্রম আরো বেগবান এবং ফলপ্রসূ করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

৩.০ সিদ্ধান্ত :

- বাস্তবায়িত সিলিন্ডার বিতরণ সেবা সহজিকরণ।
- নাগরিকের কাছে কোম্পানির সেবা সহজে উপস্থাপনের জন্য বস্তুনিষ্ঠ ডিজিটাল ডিসপেন্স সিস্টেমের প্রবর্তন।
- আধুনিক Cap Sealing ব্যবস্থার প্রবর্তন।

পরিশেষে সভায় আলোচনার মত আর কোন বিষয়বস্তু না থাকায় সভায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ ছিদ্দিক হোসেন)

আহ্বায়ক

ইনোভেশন কমিটি